



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস রিলিজ

২৬ মার্চ, ২০২২

বাউবি'তে মহান স্বাধীনতা দিবস-২০২২ উদযাপিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ উদযাপিত হয়। শনিবার সকাল ৬টায় গাজীপুরস্থ বাউবি'র মূল ক্যাম্পাস এবং সকল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে এক যোগে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়। মহান স্বাধীনতা যুদ্ধের শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর নেতৃত্বে সকাল ৮:০০ টায় সাভারে জাতীয় স্মৃতি সৌধের বেদীতে এবং সকাল ৬. ১৫ টায় গাজীপুর ক্যাম্পাসে স্বাধীনতা চিরন্তন স্মারক ভাস্কর্যে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। কর্মসূচির অংশ হিসেবে সকাল ১০.৩০ টায় মাননীয় উপাচার্যের নেতৃত্বে ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করা হয়।



উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর নেতৃত্বে মহান স্বাধীনতা যুদ্ধের শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে সাভারে জাতীয় স্মৃতি সৌধের বেদীতে পুষ্পার্ঘ্য অর্পণ করছেন বাউবি'র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ।

এ সময় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কালাম, ডিন ও পরিচালকবৃন্দ, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ স্বাস্থ্যবিধি মেনে উপস্থিত ছিলেন।

এছাড়াও বাউবি'র শিক্ষক সমিতি, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম, সাভারে জাতীয় স্মৃতি সৌধে এবং ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে গভীর শ্রদ্ধা নিবেদন করেন। আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের প্রধানগণ স্থানীয় মুক্তি যুদ্ধের স্মারক ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে মুক্তিযুদ্ধের বীর শহিদদের প্রতি শ্রদ্ধা জানান। বাউবি ক্যাম্পাসের মসজিদে জোহরের নামাজের পর স্বাধীনতা যুদ্ধের শহিদদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়। দিনব্যাপী ক্যাম্পাসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৭ই মার্চের ভাষণ ও দেশাত্মবোধক গান প্রচার করা হয় এবং সন্ধ্যায় বাউবি গাজীপুর ক্যাম্পাস এবং সকল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে আলোকসজ্জা করা হয়।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল ০১৭১২৫৯৯৫০৪